



বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

সংস্থাপন শাখা

www.bfidc.gov.bd

“রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের
আপনিও রাবার কাঠ ব্যবহার করুন।”

বিজ্ঞপ্তি নং-২২.০৩.০০০০.১০৬.১১.০০৩.২২.৩৯১

০৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: _____
১৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর নিম্নোক্ত শূণ্য পদসমূহ পূরণের নিমিত্ত অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে (<http://bfidc.teletalk.com.bd> ওয়েবসাইটে) অনলাইনে (Online) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

(ক) পে-কমিশনভুক্ত:

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ও মজুরি স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
১.	সহকারী ভান্ডার রক্ষক (গ্রেড-১৬)বেতনস্কেল ৯৩০০-২২৪৯০/-	০৯ (নয়) টি	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের সার্টিফিকেট।	খুলনা ও হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও শারিরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
২.	গাড়ী/কার চালক (গ্রেড-১৬)বেতনস্কেল ৯৩০০-২২৪৯০/-	০৫ (পাঁচ) টি	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী অথবা সমমানের সার্টিফিকেট। ০২ বৎসরের অভিজ্ঞতাসহ অবশ্যই মোটরযান চালানোর বৈধ পেশাদার লাইসেন্স থাকতে হবে।	রাজবাড়ী, জামালপুর, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, লক্ষ্মীপুর, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, সাতক্ষীরা, বরিশাল, ভোলা, বালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও শারিরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৩.	নিরাপত্তা প্রহরী (গ্রেড-১৯)বেতনস্কেল ৮৫০০-২০৫৭০/-	১০০ (একশত) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের সার্টিফিকেট। সুঠাম দেহের অধিকারী হতে হবে; তবে শর্ত থাকে যে, সামরিক বা পুলিশ বা অনুরূপ বাহিনীতে কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	খাগড়াছড়ি, রাজশাহী, জয়পুরহাট, নাটোর, নড়াইল ও হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও শারিরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৪.	অফিস সহায়ক (গ্রেড-২০)বেতনস্কেল ৮২৫০-২০০১০/-	২০ (বিশ) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের সার্টিফিকেট।	গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, ফেনী, লক্ষ্মীপুর, পিরোজপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও শারিরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

(খ) মজুরি কমিশনভুক্ত:

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় মজুরি স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
৫.	ট্রাক্টর চালক (গ্রেড-১১) মজুরি স্কেল ৯৭৫০-২২৪৫০/-	০৮ (আট) টি	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী অথবা সমমানের সার্টিফিকেটসহ মোটরযান চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে ০৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	চট্টগ্রাম, বান্দরবন, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজশাহী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, ও শেরপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও শারিরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৬.	ট্রাক চালক (গ্রেড-০৮) মজুরি স্কেল ৯৩০০-২১৪১০/-	০৬ (ছয়) টি	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী অথবা সমমানের সার্টিফিকেটসহ মোটরযান চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে ০৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

